

একই স্মারক ও তারিখের ছুলাভিযুক্ত হইবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়,
কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার।
www.coxmc.edu.bd
e-mail: coxmc.info@gmail.com

স্মারক নং- কক্স/ কমেস/প্রশা-১(ভর্তি)/২০২১/৭১৮

তারিখঃ ০৬/০৫/২০২১ ইং

-ঃ সংশোধনী বিজ্ঞপ্তি ঃ-

২০২০ - ২০২১ ইং শিক্ষা বর্ষে কক্সবাজার মেডিকেল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ও আবেদন পত্রের সাথে দাখিলকৃত কাগজ পত্র যাচাইয়ের জন্য নিম্নে বর্ণিত তারিখ অনুযায়ী ছাত্র/ছাত্রীদেরকে স্বয়ং উপস্থিত হইতে হইবে এবং যাবতীয় কাগজপত্রাদির মূল কপি গঠনকৃত বোর্ডের নিকট পেশ করিতে হইবে। তাহা অত্র অফিসে সংরক্ষিত থাকিবে। অন্যথায় তাহাদের ব্যাপারে ভর্তি বিবেচ্য হইবে না। ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য টাকা প্রদানের পূর্বে নিয়ম অনুযায়ী সনদ যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা করানো হইবে।


ছাত্র/ ছাত্রীদের মূল কাগজপত্রাদি যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা কক্সবাজার মেডিকেল কলেজের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হইবে।

২২/০৫/২০২১ ইং তারিখ হইতে ৩১/০৫/২০২১ ইং তারিখ পর্যন্ত ভর্তির কার্যক্রম চলিবে। প্রত্যেক দিন সকাল ৯.০০ ঘটিকা হইতে ১১.০০ ঘটিকা পর্যন্ত সনদযাচাই, ১১.০০ টা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত স্বাস্থ্য পরীক্ষা, দুপুর ১.০০ টা হইতে ২.৩০ ঘটিকা পর্যন্ত ভর্তি ফি গ্রহন করা হইবে। অত্র মেডিকেল কলেজের ভর্তির তারিখ নির্ধারণ করা হইয়াছে। মাইগ্রেশনের আবেদনের শেষ তারিখ ৩১/০৫/২০২১ ইং তারিখ।

উল্লিখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হইবে। পরবর্তিতে যদি কোন ছাত্র/ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয় তবে তাহার ভর্তি বাতিল হইয়া যাইবে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হইবে। ভর্তির পর কোন ছাত্র/ছাত্রী মেডিকেল কলেজে পড়িতে অনিচ্ছুক হইলে সেই ছাত্র/ছাত্রী এবং তাহার আইনানুগ অভিভাবক অধ্যক্ষের নিকট লিখিত ভাবে তাহার ভর্তি বাতিল করিবার জন্য আবেদন করিয়া মূল সার্টিফিকেট ও মার্কসীট ফেরত নিতে পারিবেন।

যাচাই বোর্ডে যে সমস্ত কাগজপত্রাদি পেশ করিতে হইবে।

১. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি।
২. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদ/ প্রশংসা পত্র।
৩. জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশন মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্রের কপি।
৪. চার ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
৫. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
৬. মুক্তিযুদ্ধ কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ: ১৮/১০/২০২০ খ্রি: এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
৭. ছাত্র/ছাত্রীদের অন লাইনে আবেদন ফরম পূরণের (Students) কপি।
এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রের মূল কপি।
০৮. প্রত্যেক ছাত্র/ছাত্রীদেরকে নিয়ম মোতাবেক স্ব- স্ব মেডিকেল কলেজে ভর্তির সময় একটি মুচলেকা পত্র অভিভাবকের স্বাক্ষর সহ দাখিল করিতে হবে।


(অধ্যাপক ডাঃ অনুপম বড়ুয়া)
অধ্যক্ষ

কক্সবাজার মেডিকেল কলেজ
Tel.no: 0341-51300 Fax-0341-51301